পরিণতির জন্য প্রস্তুতি রাখার আহ্বান রুমিন ফারহানার



রুমিন ফারহানা। ছবি: সংগৃহীত

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র সংসদ সদস্য ব্যারিস্টার রুমিন ফারহানা মামলা ও মামলা-বাণিজ্য নিয়ে তীব্র ক্ষোভ প্রকাশ করেছেন। বিএনপির সাবেক এই নেত্রী সোমবার (১৮ মে) নিজের ভেরিফায়েড ফেসবুক আইডিতে দেওয়া এক পোস্টে ইঙ্গিতপূর্ণ মন্তব্য করেন।

পোস্টে তিনি লিখেছেন,

‘ভুয়া মামলা দিচ্ছেন, বাণিজ্য করছেন, করতে থাকেন। পরিণতির জন্যও প্রস্তুত থাকবেন দয়া করে।’

তিনি কারও নাম বা কোনো রাজনৈতিক দলের নাম সরাসরি উল্লেখ না করলেও তার এই পোস্ট ঘিরে সামাজিক যোগাযোগমাধ্যমে ব্যাপক প্রতিক্রিয়া দেখা গেছে। কয়েক হাজার ব্যবহারকারী এতে প্রতিক্রিয়া জানান।

এর আগে গত ১২ ফেব্রুয়ারি অনুষ্ঠিত ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ব্রাহ্মণবাড়িয়া-২ (সরাইল-আশুগঞ্জ ও বিজয়নগরের আংশিক) আসনে স্বতন্ত্র প্রার্থী হিসেবে বিজয়ী হন ব্যারিস্টার রুমিন ফারহানা।

সে নির্বাচনে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী ছিলেন বিএনপির মনোনীত জোট প্রার্থী জুনায়েদ আল হাবিব। তিনি ‘খেজুর গাছ’ প্রতীক নিয়ে প্রতিদ্বন্দ্বিতা করে রুমিন ফারহানার কাছে পরাজিত হন।